দৈনিক বাংলা

তারিখ 01-APR-1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

### ঢাকা ভার্সিটি পরিস্থিতি

# শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ভিসির আহবান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ দেশের পরিবর্তিত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে স্ব স্ব ভূমিকা পালনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দসহ ছাত্র সংগঠন ও সংশ্লিষ্ট সকলের নিকট উদাত্ত আহবান জানিয়েছেন।

রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতি সম্পর্কে এক বিবৃতিতে তিনি এই আহবান জানান।

প্রফেসর এমাজউদ্দীন আহমদ দেশের শান্তি ও শৃংখলা বজায় রাখার ক্ষেত্রে সকল মহলের সহনশীলতা, ধৈর্য ও সহযোগিতার উপর গুরুত্বারোপ করে বলেন, গত শনিবার রাতে তত্ত্বাবধায়ক সরকারের দায়িত্ব গ্রহণের পরপরই ক্যাম্পাসে বিভিন্ন এলাকায় বোমাবাজি, গোলাগুলি ও অগ্নিসংযোগের ঘটনা সংঘটিত হয়। মধ্যরাতে শহীদুল্লাহ হল এলাকায় কয়েক ঘন্টা পর্যন্ত শতাধিক রাউন্ড গোলাগুলি বিনিময়ের ফলে ঐ এলাকায় বসবাসরত ছাত্রসহ, শিক্ষক ও কর্মচারীদের পরিবারবর্গের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। বিবৃতিতে ভিসি বলেন, তারা সকলেই নিরাপত্তাহীনতায় ভুগছেন। এছাড়া বিশ্ববিদ্যালয় ক্লাব ও ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল সংলগ্ন এলাকায়ও গোলাগুলি ও বোমাবাজির ঘটনা ঘটে। তিনি বলেন, আইন অনুষদের ডিনের অফিসে অগ্নিসংযোগ করে প্রভূত ক্ষতিসাধন করা হয়।

বিবৃতিতে ভিসি বলেন, সলিমুল্লাহ ও জহুরুল হক হলের মধ্যে প্রায়শই গোলাগুলি হয়। তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, বিভিন্ন হলে বহিরাগত ও অস্ত্রধারীদের আনাগোনা বৃদ্ধি পাচ্ছে। এ ধরনের পরিস্থিতিতে যে কোন সময় ক্যাম্পাসে বড় ধরনের [illegible] আশংকা বিরাজ করছে বলে তিনি অনুমান করছেন।

বিবৃতিতে প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেন, বিগত দিনে সমাজজীবনে নানাবিধ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বহুলাংশে ব্যাহত হয়েছে। তিনি বলেন, আমরা মনে করি, আগামী দিনগুলোতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে সবাই মিলে যদি শান্তিপূর্ণ রাখতে পারি তবে বিগত দিনের ক্ষতি আমরা পুষিয়ে নিতে পারব।